

**পশ্চিমবঙ্গ সরকার**  
**নদীয়া জেলা লাইসেন্সিং বোর্ড (বিদ্যুৎ), নদীয়া**  
**(ইলেক্ট্রিক্যাল পারমিট সংক্রান্ত)**  
**বিজ্ঞপ্তি**

জেলা লাইসেন্সিং বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী বিদ্যুৎশিল্পে কর্মরত, বিশেষত গ্রামীণ বৈদ্যুতিককরণের কাজে যুক্ত, আগ্রহী এবং কারিগরি কাজ সম্পর্কে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের নদীয়া জেলা লাইসেন্সিং বোর্ড উপযুক্ত প্রার্থীকে ইলেক্ট্রিক্যাল ওয়ার্কম্যান পারমিট এবং সুপারভাইজারি কম্পিটেন্সি সার্টিফিকেট প্রদানের জন্য যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা গ্রহণের উদ্দেশ্যে নির্ধারিত ফর্মে দরখাস্ত করবার জন্য আহ্বান জানাচ্ছে। নদীয়া জেলা লাইসেন্সিং বোর্ডের বর্তমান কার্যালয় এবং কর্ম প্রদানের স্থান - সার্কেল ম্যানেজারের অফিস, নদীয়া ডিস্ট্রিবিউশন সার্কেল, ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বিধান ভবন, সেন্ট্রাল পার্ক, কল্যানী, নদীয়া। ফোন : ২৫৮২-৮৪২৮। নির্ধারিত ফর্ম প্রদানের তারিখ : আগামী ১৮।১।২০১১ থেকে ৪।২।২০১১ পর্যন্ত (শনিবার, রবিবার ও ছুটির দিন বাদে) বেলা ১১টা থেকে বিকাল ৩টা পর্যন্ত কার্যালয় থেকে দেওয়া হবে। যথাযথ ভাবে পূরণ করা দরখাস্ত ফর্ম ৪।২।২০১১ (শনিবার, রবিবার ও ছুটির দিন বাদে) তারিখের বেলা ৩টার মধ্যে জমা দিতে হবে। প্রবেশ পত্র : ডাকযোগে পাঠানো হবে। কোনও আবেদনকারী ২২।২।২০১১-এর মধ্যে প্রবেশপত্র না পেলে ২৫।২।২০১১-এর মধ্যে (শনিবার, রবিবার ও ছুটির দিন বাদে) কার্যালয় থেকে সংগ্রহ করতে পারবেন। যে সমস্ত পার্টের জন্য পরীক্ষা নেওয়া হবে : ১১ কেভি উচ্চ ক্ষমতাসম্পন্ন সিস্টেমের জন্য ওয়ার্কম্যান পারমিটের ক্ষেত্রে পার্ট 1(a), 1(b), iv এবং vi(a) - এবং সুপারভাইজারি কম্পিটেন্সি সার্টিফিকেটের ক্ষেত্রে পার্ট 1, 2, 6(A) এবং 6(B) -এর পরীক্ষা নেওয়া হবে। একটি ফর্মে তিনটির বেশী পার্টের জন্য আবেদন করা যাবে না। দরখাস্তের সঙ্গে যে সমস্ত তথ্য দিতে হবে : ১) বয়সের প্রমাণ পত্র, ২) অভিজ্ঞতা শংসাপত্র, ৩) ৪(চার) কপি সাম্প্রতিক ফটোগ্রাফ (শিচ্ছেন প্রার্থীর স্বাক্ষর সহ), ৪) ২টি বড় খাম, ৫) ৫ টাকার একটি পোস্টাল স্ট্যাম্প, ৬) পরীক্ষার ফি জমা দেওয়ার প্রমাণ। আবেদনকারীর বয়স ও শারীরিক সক্ষমতা : ওয়ার্কম্যান পারমিটের জন্য প্রার্থীর বয়স হতে হবে ১৮ বছর এবং সুপারভাইজারি কম্পিটেন্সি সার্টিফিকেটের জন্য ২৫ বছর, সেই সঙ্গে ৮ বছর কাজের অভিজ্ঞতা (বয়স এবং অভিজ্ঞতার শংসাপত্রের প্রত্যায়িত কপি জমা দিতে হবে)। সব ক্ষেত্রেই শারীরিকভাবে সক্ষম হতে হবে। যোগ্যতা : ক) ওয়ার্কম্যান পারমিটের জন্য - ১) প.ব: সরকার অনুমোদিত বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র দ্বারা প্রশিক্ষণ প্রাপ্ত, ২) লাইসেন্স প্রাপ্ত ইলেক্ট্রিক্যাল ঠিকাদারের অধীনে অন্তত ২ বৎসরের অভিজ্ঞতা, ৩) ইলেক্ট্রিক্যাল কাজে সন্তোষজনক ট্রেনিং প্রাপ্ত। খ) সুপারভাইজারি কম্পিটেন্সি সার্টিফিকেটের জন্য - ১) ইলেক্ট্রিক্যাল ওয়ার্কম্যান পরীক্ষায় উত্তীর্ণ, ২) লাইসেন্সিং বোর্ডের কাজে সন্তোষজনক ৮ (আট) বৎসরের কাজের অভিজ্ঞতা, ৩) ইলেক্ট্রিক্যাল ইনস্টলেশন বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সমতুল পরীক্ষায় কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ প্রার্থী যারা কারিগরি শংসাপত্র দাখিল করতে পারবেন। পরীক্ষার ফি : ক) ওয়ার্কম্যান পারমিটের জন্য : একটি পার্টের জন্য ৩০/- এবং সংশ্লিষ্ট অতিরিক্ত প্রত্যেক পার্টের জন্য ১০/-, খ) সুপারভাইজারি কম্পিটেন্সি সার্টিফিকেটের জন্য : কমপক্ষে ২টি পার্টের জন্য জমা ৫০/- এবং সংশ্লিষ্ট প্রত্যেক পার্টের জন্য ২০/-। পরীক্ষার ফি TR Form-7 এ নদীয়া জেলাশাসকের ট্রেজারি অফিসে অথবা স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া'র কুম্বনগর মেন, কল্যানী, তেহট্ট ও রানাঘাট শাখায় জমা দিতে হবে। পরীক্ষার তারিখ ও পরীক্ষার স্থান : নির্দিষ্ট তারিখ ও পরীক্ষার স্থান প্রার্থীদের চিঠি/এস.এম.এস. মারফত জানানো হবে এবং পরীক্ষার প্রবেশ পত্রে উল্লেখ করা থাকবে।

সার্কেল ম্যানেজার  
নদীয়া ডিস্ট্রিবিউশন সার্কেল  
ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি  
ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড  
এবং সদস্য সচিব  
নদীয়া জেলা লাইসেন্সিং বোর্ড (বিদ্যুৎ)